

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ জান্নাত ওয়াজিব ঐ ব্যক্তির জন্য যে ব্যক্তি মৃত্যুবরণ করে এমন অবস্থায় যে, সে আল্লাহর সাথে কোন সমকক্ষ নির্ধারণ করেনি

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ إِيجَابِ الْجَنَّةِ لِمَنْ حَلَّتِ الْمَنِيَّةُ بِهِ وَهُوَ لَا يَجْعَلُ مَعَ اللَّهِ ندا

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ حدثنا علي بن الجعد قال أخبرنا بن تَوْبَانَ عَنْ أَبِيهِ عَنْ مَكْحُولٍ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ وَعَنْ عُمَيْرِ بْنِ هَانِئٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَنْمٍ أَنَّهُ سَمِعَ مُعَاذَ بن جبل عَنْ رَسُولِ اللَّهِ صلَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قُلْتُ: حَدِّثْنِي بِعَمَلٍ سَمِعَ مُعَاذَ بن جبل عَنْ رَسُولِ اللَّهِ صلَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قُلْتُ: حَدِّثْنِي بِعَمَلٍ يُدْخِلُنِي الْجَنَّةَ قَالَ: "بَحْ بَحْ سَأَلْتَ عَنْ أَمْرٍ عَظِيمٍ وَهُوَ يَسِيرٌ لِمَنْ يَسَّرَهُ اللَّهُ بِهِ تُقِيمُ الصَّلَاةَ الْمَخْتُوبَةَ وَتُوبِّتِي الزَّكَاةَ الْمَفْرُوضَةَ وَلَا تُشْرِكُ باللَّهِ شَيْئًا".

الراوي: عَبْد الرَّحْمَنِ بْن غَنْمٍ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 214 اخلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২১৪. আব্দুর রহমান বিন গানাম রহিমাহুল্লাহ মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহুকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হাদীস বর্ণনা করতে শুনেছেন। তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললাম: "আমাকে এমন একটি আমলের কথা বলুন, যা আমাকে জান্নাতে প্রবেশ করাবে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: চমৎকার! চমৎকার! তুমি এক মহান বিষয় সম্পর্কে জিজ্ঞেস করেছো। এটা সহজ ঐ ব্যক্তির জন্য যাকে আল্লাহ সহজ করে দেন। তুমি ফর্য সালাত প্রতিষ্ঠা করবে, ফর্য যাকাত প্রদান করবে আর আল্লাহর সাথে কোন কিছুকেই শরীক করবে না।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ الله تعالى عَنْهُ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "لَا تُشْرِكْ بِاللَّهِ شَيْئًا", أَرَادَ بِهِ الْأَمْرَ بِتَرْكِ . الشِّرْكِ

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ভাষ্য: "আল্লাহর সাথে



কোন কিছুকেই শরীক করবে না।" এর দ্বারা উদ্দেশ্য হলো শিরক বর্জন করার নির্দেশ দান করা।"

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২০/১২২; মুসনাদ আহমাদ: ৫/২৪৫; বাযযার: ১৬৫৩; আত তায়ালিসী: ৫৬০; মুসায়াফ ইবনু আবী শায়বাহ: ১১/৭-৮; মুসায়াফ আব্দুর রাযযাক: ২০৩০৩; তিরমিযী: ২৬১৬; নাসাঈ: ৮/৩৯৯; ইবনু মাজাহ: ৩৯৭৩; বাগাবী, শারহুস সুয়াহ: ১১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২১৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবনে গান্ম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন